

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুষ্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ/১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৩৬-আইন/২০০৯/২২৩৯/শুষ্ক।- Customs Act, 1969 (IV of 1969) এর section 19(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ১২ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ২৭ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৪৪-আইন/২০০৭/২১৪৩/শুষ্ক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রসং্গে বর্ণনায় উল্লিখিত “নিউজপ্রিন্ট কাগজ, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, সংবাদপত্র ও সাময়িকী প্রকাশকগণ কর্তৃক, আমদানি করা হইলে উহার উপর আরোপনীয় সমুদয় আমদানী শুল্ক” শব্দগুলি ও কমাগুলির পরিবর্তে “নিউজপ্রিন্ট কাগজকে, সংবাদপত্র ও সাময়িকী প্রকাশকগণ কর্তৃক আমদানি করা হইলে, উহার উপর আরোপনীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয় সে পরিমাণ” শব্দগুলি, কমাগুলি, সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(ড. নাসিরউদ্দীন আহমেদ)
ভারপ্রাপ্ত সচিব।